

ডাকসু : ক্যাম্পাসে প্রচারণার ব্যানার-বিলবোর্ড সরিয়ে ফেলার নির্দেশ

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ

নির্বাচনকে ঘিরে ক্যাম্পাসে টানানো বিলবোর্ড ও ব্যানার সরিয়ে

ফেলার নির্দেশনা দিয়েছেন নির্বাচন কমিশনের প্রধান রিটার্নিং

কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন।

শুক্রবার (২২ আগস্ট) ডাকসু ও হল সংসদ নির্বাচনের প্রধান

রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই

নির্দেশনা জারি করা হয়েছে। তফসিল অনুযায়ী, আগামী ৯

সেপ্টেম্বর ডাকসু নির্বাচনে ভোটগ্রহণ হবে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৫ সালের ডাকসু ও হল সংসদ

নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থী ও সংশ্লিষ্ট পক্ষকে জানানো যাচ্ছে

যে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যেসব প্রচারণামূলক বিলবোর্ড/

ব্যানার টানানো রয়েছে কিংবা ইতিমধ্যে টানানো হয়েছে, সেগুলো

অনতিবিলম্বে সরিয়ে ফেলতে হবে।

প্রচারণা শুরুর নির্ধারিত দিন থেকে আচরণবিধি অনুযায়ী

প্রচারকাজ চালানো যাবে।

এ ছাড়া বৃহস্পতিবার রাতে আলাদা আরেকটি সংবাদ বিজ্ঞপ্তিতে

ডাকসু নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তা জানান, নির্বাচনে

অংশগ্রহণকারী প্রার্থীরা ২১ থেকে ২৫ আগস্ট পর্যন্ত কেউ হল

কিংবা ক্যাম্পাসে প্রচারণা চালাতে পারবেন না। ২৬ আগস্ট থেকে

প্রার্থীরা প্রচারণায় অংশগ্রহণ করতে পারবেন। এই সময়ের মধ্যে

প্রচারণা চালালে সেটি ডাকসু নির্বাচনের আচরণবিধি ভঙ্গ হিসেবে

বিবেচিত হবে।

একই সঙ্গে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বৃহস্পতিবার ডাকসু ও হল সংসদ নির্বাচনের প্রাথমিক প্রার্থী

তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকা অনুযায়ী, ডাকসুতে ২৮

পদে ৪৬২ জন আর হল সংসদে ১ হাজার ১০৮ জন বৈধ প্রার্থী

প্রতিদ্বন্দ্বিতা করবেন। ডাকসুতে ৪৭ জন এবং হল সংসদে

একজনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে।

বাতিল হওয়া প্রার্থীরা ২৩ আগস্টের মধ্যে আপিল করতে পারবেন।

প্রাথমিক তালিকা অনুযায়ী, এবার ডাকসুতে সহসভাপতি (ভিপি)

পদে ৪৮ জন, সাধারণ সম্পাদক (জিএস) ১৯ জন এবং

সহসাধারণ সম্পাদক (এজিএস) ২৮ জন প্রার্থী প্রতিষ্ঠিতা

করবেন। তবে চূড়ান্ত তালিকায় এই সংখ্যা কমতে বা বাঢ়তে

পারে।

তফসিল অনুযায়ী, মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় ২৫

আগস্ট দুপুর ১টা পর্যন্ত। প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে

২৬ আগস্ট বিকেল ৪টায়।